ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মহিপাল, ফেনী

টেলিফোনঃ ০২৩৩৪৪-৭২৩০০, ৭৪৭০৭
ওয়েবঃ www. pbs.feni.gov.bd
ই-মেইলঃ fenipbs84@gmail.com

ISO 9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৩০২৯.৫১৬.০২.০০৮.২৪. ২৭০৮

তারিখঃ ১৮ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ।
০২ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

"আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতিতে ক্যাশিয়ার এর শূন্য পদ পূরনের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত যথাক্রমে সহকারী ক্যাশিয়ার পদে যারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর আলোকে পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের নিকট হতে নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **(A-4 সাইজের কাগজে)** স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম ঃ ক্যাশিয়ার
পদ সংখ্যাঃ ০২ টি

প্রার্থীর যোগ্যতাঃ

(ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ৩.০০ অথবা সমমান থাকতে হবে এবং পবিসে সহকারী ক্যাশিয়ার পদে (নিয়মিত হিসেবে) ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) অবশ্যই কম্পিউটার ও অন্যান্য দাপ্তরিক উপকরন সমূহ পরিচালনায় পারদর্শী হতে হবে।
(গ) প্রতি মিনিটে ন্যূনতম বাংলায় ১০ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।
(ঘ) সাধারন জনগনের সাথে সৌজন্যমূলক ও প্রফুল্ল আচরণের অধিকারী হতে হবে।
(ঙ) ন্যূনতম গ্রহণযোগ্য পারিবারিক আর্থিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ইতিহাস থাকতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃপক্ষ কর্তৃক সরেজমিনে পরিদর্শন পূর্বক আর্থিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ইতিহাস যাচাই করা হবে।
(চ) চাকুরীতে যোগদানের সময় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা প্রদানে প্রার্থীর সামর্থ থাকতে হবে যা পরবর্তীতে সাফল্যজনক ও সন্তোষজনকভাবে চাকুরী সমাপ্তিতে সুদসহ ফেরত প্রদান করা হবে।
(ছ) সহকারী ক্যাশিয়ার পদের সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের ন্যূনতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(জ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পুরন হতে হবে।

শর্তাবলী ঃ-

আবেদনকারীগণকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক কর্মরত পবিস এর সিঃ জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশপূর্বক আবেদনপত্র সহ আগামী ১২/০৯/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকার সময় ফেনী পবিস সদর দপ্তর, মহিপাল, ফেনীতে স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি এজিএম (মানব সম্পদ/প্রশাসন) কর্তৃক সত্যায়িত পূর্বক সংযুক্ত করতে হবে ঃ-

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।
(খ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন প্রতিবেদনের সত্যায়িত অনুলিপি।
(গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(ঘ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।
(ঙ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান পত্র, নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের সত্যায়িত ফটোকপি।
(চ) সিঃ জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজারের সুপারিশ, বিনা আপত্তির সনদ পত্র এবং প্রার্থীর বিগত ০৩ বছরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হন নি এবং বিগত ০১ বছরের মধ্যে কোন লঘু দন্ড প্রাপ্ত হন নি, বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হন নি, বিগত ০৪ (চার) বছরের ভিতর এক বার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হননি, বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হননি এই মর্মে প্রত্যায়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত

অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত, বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান রয়েছে অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে এমন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(ছ) পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নহে, তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (ফেনী সদর, ফুলগাজী, ছাগলনাইয়া, সোনাগাজী, দাগনভূঞা ও পরশুরাম) স্থায়ী বাসিন্দা প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

(জ) নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেওয়া হবে। "চলতি দায়িত্বে" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি / পূর্ববর্তী পদে ফেরত যেতে হবে।

(ঝ) চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

(ঞ) কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

(ট) অত্র সমিতির সমিতি বোর্ড পরিচালক/মহিলা পরিচালকবৃন্দ ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের স্বামী / স্ত্রী অথবা তাদের রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

(ঠ) প্রার্থীকে পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না ।

(ঠ) যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

(ড) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

02/09/24

(হাওলাদার মোঃ ফজলুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-

০১। পরিচালক, পবিস মানব সম্পদ / পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার.................... পবিস-১/২/৩/ ৪।
০৩। ডিজিএম-ফুলগাজী/ ছাগলনাইয়া/ সোনাগাজী/ দাগনভূঞা/ পরশুরাম জোনাল অফিস/ সদর দপ্তর-কারিগরী, ফেনী পবিস, ফেনী ।
০৪। এজিএম- প্রশাসন/ (অর্থ-হিসাব/রাজস্ব)/এমএস/আইটি/ওএন্ডএম-রাজাপুর/ কসকা/কাজিরহাট সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
০৫। নোটিশ বোর্ড, ফেনী পবিস।
০৬। অফিস নথি/মাষ্টার নথি।